

চারি ঘটি পরিমাণ দশসের জল।
 থালার উপরে শুষ্ক হইল সকল।।
 বেদনার যাতনায় অগ্নিতাপ ওঠে।
 সেই তাপে জল সব শুষ্ক হয় পেটে।।
 গোস্বামীর বক্ষঃস্থল সাপুটে ধরিল।
 তারক সে গামছা উঠায়ে চিপাড়িল।।
 জলবিন্দু না পড়িল গামছা হইতে।
 মৃতপ্রায় পাগলকে রাখিল শয্যাতে।।
 বলিল গোবিন্দ মাঝি 'উপায় কি হবে।
 গোস্বামী মরিলে বল মরা কে ফেলিবে।'।
 তারক কহিছে 'ওরে পাপিষ্ঠ জালিয়া।
 মরিলে কি তোর বাড়ী যাবরে ফেলিয়া।।
 তোর বাড়ী লীলা সাদ্ধ করা অসম্ভব।
 মরিলে তোরে কি দেহ ছুঁইবারে দিব।।
 তোর এই বাড়ী ভরে কে করে প্রস্বাব?'।
 গোস্বামী কহেন 'তোর বাক্যে হ'ল পাপ।।
 এতবলি গোস্বামী উঠিল ক্রোধভরে।
 দৌড়ইয়া গেল গোলোক মাঝির ঘরে।।
 কহিছে গোলোক মাঝি আমার বাটীতে।
 থাকুক গোস্বামী মোরা থাকিব সেবাতে।।
 দিবা গেল রাত্রি গেল হইল প্রভাত।
 গোস্বামী বলেন 'যাব তারকের সাথ।।
 জয়পুর ঘাট আমি বড় ভালবাসি।
 ইচ্ছা হয় নবগঙ্গা নদী মধ্যে পশি।।
 মনের যে কষ্ট মোর সব হবে দূর।
 এখন অবশ্য আমি যাব জয়পুর।।'
 তারকের পানে চাহি কহিছে গোলোক।
 'তুমি যদি পুত্র মোর হইতে তারক।।
 তুমি যদি হইতে আমার পুত্র-ধন।
 তা'হলে অনেক কার্য হইত সাধন।।
 আমি আর তোমারে যে বলিব না দাদা।
 তারক বলিয়া আমি ডাকিব সর্বদা।।'

গোস্বামী কহে 'তারক আর কিবা চাও।
 মনোবাঞ্ছা পূর্ণহোক তুমি পুত্র হও।।'
 তারক! তারক! বলি ডাকে বার বার।
 এর মধ্যে 'দাদা' বলে ডাকে আর বার।।
 'উছ উছ করি' তবে উঠিল গৌসাই।
 'ডাকিব তারক বলে তাহা মনে নাই।।
 ভাবি যে তারক বলি ডাকিব সর্বদা।
 মনে ভাবি পুত্রভাব মুখে আসে দাদা।।
 ভুলক্রমে যাহা কহি তা'তে নাহি লাজ।
 আমার আসন্নকালে কর পুত্র কাজ।।
 হেনকালে সূর্যনারায়ণ কেঁদে কয়।
 'আসন্ন সময় যদি ভাব মহাশয়।।
 পুত্র আছে নিবারণ নারিকেল বাড়ী।
 এ সময় কি জন্য তাহারে এলে ছাড়ি।।
 দশরথ মহানন্দ আছে বর্তমানে।
 পিতা হ'তে অধিক তাহারা সবে মানে।।
 সেই দেশে জ্ঞাতিবন্ধু আছয় প্রচুর।
 তাহা ছাড়ি কি জন্য যাবেন জয়পুর?।
 গৌসাই বলেন 'মোর জ্ঞাতি বন্ধু নাই।
 মনের মানুষ যেই তার সঙ্গে যাই।।
 গৃহিণী থাকিলে হয় গৃহস্থ তাহারা।
 কে বা কার পুত্র হয় কেবা কার দারা।।
 পুত্র বটে নিবারণ ভালবাসি মনে।
 মোর পুত্র আমি তাহা বলিতে পারিনে।।
 আছে মহানন্দ দশরথ দুটি ভাই।
 এ সময় যাই যদি তাহাদের ঠাই।।
 মহানন্দ আছে সেই একা কি করিবে?।
 এত উপদ্রব একা কেমনে সহিবে।।
 তাই মনে ভাবি সবে না বুঝিবে ইহা।
 জয়পুর যাইতে সে হেতু মনে স্পৃহা।।
 হরিচাঁদ তরাইবে এই ভবসিদ্ধু।
 হরি-মাতা-পিতা-ভ্রাতা-পুত্র-জ্ঞাতি-বন্ধু।।